



কেরানীগঞ্জে গ্যাসলাইটার কারখানায় অগ্নিকাণ্ডে ৫ জন নিহত



কেরানীগঞ্জে গ্যাসলাইটার কারখানায় আগুন। ছবি: সংগৃহীত

ঢাকার কেরানীগঞ্জের কদমতলী এলাকায় একটি গ্যাসলাইটার কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় ৫ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছে ফায়ার সার্ভিসের সদর দপ্তরের মিডিয়া সেল।  
শনিবার (৪ এপ্রিল) দুপুর ১টা ১৩ মিনিটে আগুন লাগার খবর পেয়ে ফায়ার সার্ভিসের ৭টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। প্রায় দুই ঘণ্টার চেষ্টায় আগুন সম্পূর্ণ নিভিয়ে ফেলা হয়।

LENS ASIA